

MEGHNA BANK

together we sail

তারিখঃ ১৯/১২/২০২৪ইং

কম্বল ক্রয়ের জন্য দরপত্র আহ্বান

মেঘনা ব্যাংক পিএলসি. আসন্ন শীত মৌসুমে শীতাত্ত ও দুস্থ মানুষের মাঝে কম্বল বিতরণের লক্ষ্যে দেশের স্বনামধন্য কম্বল ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে ১৬,০০০ (ষোল হাজার) পিস কম্বল ক্রয়ের জন্য নিম্নোক্ত তথ্য উল্লেখপূর্বক দরপত্র আহ্বান করা যাচ্ছে।

- ১) মাপ : ৭ ফুট X ৫ ফুট এবং বর্ডার সেলাইকৃত
- ২) ওজন : ১২০০ গ্রাম (প্রতিটি কম্বলের নূন্যতম ওজন)
- ৩) ফেব্রিকের ধরন : (উল্লেখ করতে হবে)
- ৪) উৎপাদনকারী দেশের নাম: (উল্লেখ করতে হবে)


দরপত্রে অংশগ্রহণের যোগ্যতা

দরপত্রে অংশগ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট ব্যবসায় দীর্ঘ অভিজ্ঞতা এবং নির্ধারিত সময়ে সরবরাহের জন্য পর্যাপ্ত মজুদ থাকতে হবে, দরপত্রের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, হাল নাগাদ ভ্যাট/টিআইএন সনদ ও ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতার প্রমাণপত্র হিসাবে ইতিপূর্বে অন্তত ০২টি স্বনামধন্য প্রতিষ্ঠানে সুষ্ঠুভাবে কাজ সম্পাদন করার সনদপত্র সংযুক্ত করে জমা দিতে হবে।

সময়সীমা : দরপত্রে অংশগ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে আগামী ২৪/১২/২০২৪ইং তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে দরপত্রে উল্লেখিত কম্বল/কম্বলসমূহের ১ টি করে নমুনা সহ মুখবন্ধ খামে দরপত্রে উল্লেখিত মোট মূল্যের ৫% আনেষ্টম্যানি (ফেরতযোগ্য) হিসাবে “মেঘনা ব্যাংক পিএলসি” এর নামে পে-অর্ডার দরপত্রের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে। সফল দরদাতা নির্ধারিত সময়ে সুষ্ঠুভাবে কার্যসম্পাদনে ব্যর্থ হলে উক্ত দরদাতার আনেষ্টম্যানি বাজেয়াপ্ত করা হবে। দরপত্র নিম্নলিখিত ঠিকানায় জমা দেবার জন্য অনুরোধ করা যাচ্ছে। দরপত্রে উল্লেখিত মূল্যের সাথে প্রযোজ্য ভ্যাট ও ট্যাক্স অন্তর্ভুক্ত থাকতে হবে।

সফল দরপত্র দাতাকে আগামী ০৬/০১/২০২৫ইং তারিখের মধ্যে প্রতিটি কম্বলে মেঘনা ব্যাংকের নাম ও লোগো সম্বলিত (৪ ইঞ্চি x ২ ইঞ্চি) স্ট্রীন প্রিন্ট ষ্টিকার সংযুক্ত করে সরবরাহ করতে হবে।

উল্লেখ্য যে, ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল বা যেকোন দরপত্র সম্পূর্ণ বা আংশিকভাবে বাতিল বা পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করে।



জেনারেল সার্ভিসেস ডিভিশন

প্রধান কার্যালয়, মেঘনা ব্যাংক পিএলসি.

সুবাস্ত ইমাম স্কয়ার

৬৫ গুলশান এভিনিউ

গুলশান, ঢাকা

ফোন: +৮৮০৯৬১০০১৬৭৩৬ (এক্সঃ ৭৩২০৩)